দৈনিক বাংলা

তারিখ 20 NOV 1988
পৃষ্ঠা 4 কলাম 2

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

022

# শিক্ষা কমিশন রিপোর্ট প্রকাশের আহ্বান

বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি শিক্ষা কমিশন রিপোর্ট জনসমক্ষে প্রকাশ না করে 'প্রতিক্রিয়াশীল' পাঠ্যসূচী বাধ্যতামূলক করার প্রয়াসের নিন্দা করে কমিশন রিপোর্ট অবিলম্বে প্রকাশের দাবী জানিয়েছে।

সমিতির এক সভা গত শুক্রবার টিএসসিতে সমিতির সভাপতি ডঃ ম আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ক্রমবর্ধমান সন্ত্রাস ও দুর্নীতিতে উদ্বেগ প্রকাশ করা হয়। অপর এক প্রস্তাবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান অনির্দিষ্ট কালের জন্যে বন্ধ হওয়ার ঘটনার নিন্দা করে, এই চক্রান্ত প্রতিরোধে এগিয়ে আসার জন্যে সমিতি দেশপ্রেমিক প্রগতিমনাদের প্রতি আহবান জানিয়েছে, খবর প্রেস বিজ্ঞপ্তির।